

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অধিশাখা-৩ (শুল্ক)  
অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.ird.portal.gov.bd](http://www.ird.portal.gov.bd)

নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৫২.১৪.

তারিখঃ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রামের সহকারী পরিচালক জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) উপবিধি এর আওতায় অসদাচরণের দায়ে এই বিভাগের ০৮.০১.২০১৫ তারিখে ০৮.০০.০০০০. ০৩৮.৬৫.০৩৯. ১২.২৪ নং স্মারকে বিভাগীয় মামলা আনয়ন করে কৈফিয়ত তলব করা হয় ;

২। যেহেতু জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ উক্ত অভিযোগের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন,

৩। যেহেতু, তাঁর প্রার্থনার প্রেক্ষিতে গত ২০/০৬/২০১৬, তারিখ সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক অভিযুক্ত কর্মকর্তার শুনানী গ্রহণ করা হয়।

৪। যেহেতু, ব্যক্তিগত শুনানী কৈফিয়তের জবাব ও বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র এবং রেকর্ড পত্রাদি পর্যালোচনা করে আনীত অভিযোগের বিষয়ে ন্যায় বিচারের স্বার্থে ও সিদ্ধান্তে উপনীত হবার নিমিত্ত বিভাগীয় মামলাটি আনুষ্ঠানিকভাবে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় ;

৫। যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০/০১/২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮. ৬৫.০৩৯. ১২.৫৯ সংখ্যক স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ এহতেশামুল হক, যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রামকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

৬। যেহেতু, জনাব মোহাম্মদ এহতেশামুল হক গত ০৬/০৩/২০১৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন স্বয়ংসম্পূর্ণ না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৬(২) বিধি মোতাবেক মামলাটি পুনঃ তদন্তের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৮/০৪/২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৩৯.২৯৪ সংখ্যক স্মারকমূলে বেগম জাকিয়া সুলতানা, পরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ডকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

৭। যেহেতু বেগম জাকিয়া সুলতানা গত ২৬/০১/২০১৭ তারিখে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে আনীত কর্তৃপক্ষের লিখিত বা মৌখিক অনুমোদন ব্যতিরেকে অতিরিক্ত দায়িত্বের কর্মস্থলে অনুপস্থিতি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে অসংযত শব্দ প্রয়োগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত দিয়েছেন ;


৮। যেহেতু উক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলা সংক্রান্ত পূর্বাপর সকল কাগজপত্র ও রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে।

চলমান পাতা-২

৯। যেহেতু, জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদের বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং এই কারণে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২) (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং অভিযুক্ত কর্মচারী চাকুরীতে নবীন এবং এটি তাঁর প্রথম অপরাধ বিবেচনায় তাকে লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। সেহেতু জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২) বিধি মোতাবেক অসদাচরণের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদন্ড আরোপ করা হল। বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত এর বিষয়টি বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি ৪৫ এবং ফান্ডামেন্টাল রুলস এর বিধি ২৪ অনুযায়ী কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৫২.১৪. ৬১৬/১(৩৩)

তারিখঃ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।
- ৪। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৯। যুগ্ম-সচিব (শুল্ক) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ১০। জনাব শেখ মোঃ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (চঃ দাঃ)। (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
- ১১। জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ, সহকারী পরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।

  
(মোঃ হুমায়ুন কবীর)  
উপ সচিব

ফোন: ০২ ৯৫৪ ০২৬৫